

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ অধিশাখা

স্বাক্ষরের পত্র
শেখ হাসিনার নুমস্ক্রিপ্ট

স্মারক নং-৪৬.০২১.০০৪.০১.০০.০০২.২০১৭ ৯৬০৫

তাং ১৪-০৬-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ রীট পিটিশন নং-৮৭৯২/২০১৭, বাদী-জনাব মোঃ কফিল উদ্দিন, পিতা-হাজী মোঃ জয়নুল আবেদীন, গ্রাম-হিজলা, উপজেলা সাভার, জেলা-ঢাকা -বনাম-সরকার ও অন্যান্য।

সূত্রঃ ১) আঃ বাহেত মজুমদার, সিনিয়র এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা এর ০৮.০৬.২০১৭ তারিখে প্রদত্ত সার্টিফিকেট।
২) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৫ (অংশ-১)-৩৮৪ তাং- ১২ জুন, ২০১৭ খ্রিঃ।

ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের শূন্য আসনে উপ-নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত নির্বাচন কমিশন কর্তৃক ১৭.০০. ০০০০. ০৭৯.৪০.০০২.১৫(অংশ-১)-৩৬৯, তারিখ ০৬ জুন, ২০১৭ তারিখের প্রজ্ঞাপনমূলে নির্বাচনের তফশিল ঘোষণার আদেশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮৭৯২/২০১৭ দায়ের করা হয়। মাননীয় আদালত নির্বাচনের তফশিল ঘোষণার কার্যক্রমকে স্থগিত করায় নির্বাচন কমিশন কর্তৃক ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৫(অংশ-১)-৩৮৪, তারিখ ১২ জুন, ২০১৭ তারিখের প্রজ্ঞাপনমূলে উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপ-নির্বাচনের যাবতীয় কার্যক্রম স্থগিত ঘোষণা করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যু পূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের আদেশ দিয়েছেন। মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯

জেলা প্রশাসক

ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো)।

০৩। অফিস কপি।